

ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার
সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
কমিশনের সদস্য



অর্থ বিভাগের সচিব ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার একজন দক্ষ পেশাজীবী। তাঁর রয়েছে সামষ্টিক অর্থনীতি, আন্তর্জাতিক অর্থনীতি, শুল্ক, বাণিজ্য ফ্যাসিলিটেশন সংক্রান্ত বিষয়াদি, আন্তর্জাতিক উন্নয়ন, বিশ্ব বাণিজ্য সংস্থা (ডব্লিউটিও) এবং আন্তর্জাতিক বাণিজ্যসহ বিবিধ বিষয়ে দীর্ঘ ৩০ বছরের অভিজ্ঞতা। অর্থ সচিব হিসেবে যোগদানের অব্যবহিত পূর্বে তিনি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব ছিলেন। তারও পূর্বে তিনি অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সামষ্টিক অর্থনীতি অনুবিভাগে অতিরিক্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। উল্লেখ্য, ১৯৯৩ সালের এপ্রিল মাসে ১১তম ব্যাচে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানের মাধ্যমে ড. মজুমদার তাঁর কর্মজীবন শুরু করেন। পরবর্তীতে তিনি বিসিএস (শুল্ক ও আবগারি) কর্মকর্তা হিসেবে অর্থ মন্ত্রণালয়ের অধীনে জাতীয় রাজস্ব বোর্ড এর বিভিন্ন পদে দায়িত্ব পালন করেন।

ড. মজুমদার যুক্তরাজ্যের এসেক্স বিশ্ববিদ্যালয় থেকে সরকার (রাজনৈতিক অর্থনীতি) বিষয়ে পিএইচডি ডিগ্রী অর্জন করেন। এছাড়া তিনি কানাডার ম্যাকগিল বিশ্ববিদ্যালয় থেকে রাজনৈতিক অর্থনীতিতে এমএ ডিগ্রি সম্পন্ন করেন। এর পূর্বে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে প্রথম শ্রেণীতে দ্বিতীয় স্থান অর্জন করে এমএসএস ডিগ্রী এবং প্রথম স্থান অর্জন করে একই বিষয়ে বিএসএস (সম্মান) ডিগ্রী অর্জন করেন। তিনি ফরাসি ভাষায় এডভান্স সার্টিফিকেট কোর্সও সম্পন্ন করেছেন। দীর্ঘ পেশাগত কর্মজীবনে তিনি রাজস্ব, অর্থ, বাণিজ্য এবং উন্নয়ন সংক্রান্ত বিষয়ে দেশ-বিদেশে অসংখ্য প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করেছেন।

ড. মজুমদার জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড, বান্দরবান জেলা প্রশাসকের কার্যালয়, ইউএসএআইডি প্রোগ্রাম (আইবিআই প্রকল্পের চীফ অফ পার্ট হিচাবে), বিজনেস প্রমোশন কাউন্সিল এবং বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউট-এ সরকারি ও আন্তর্জাতিক উন্নয়ন অঙ্গনে বিভিন্ন পর্যায়ে কাজ করেছেন। পাশাপাশি তিনি বাংলাদেশ ইনস্টিটিউট অফ গভর্ন্যান্স অ্যান্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম)-এ adjunct ফ্যাকাল্টি হিসেবে ডব্লিউটিও ও আন্তর্জাতিক বাণিজ্য, সামষ্টিক অর্থনীতি এবং আন্তর্জাতিক অর্থনীতি নামে মাস্টার্স পর্যায়ের তিনটি কোর্সে অধ্যাপনা করেছেন।

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে সচিব হিসেবে তাঁর কর্মকালে দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকল্পে দেশীয় গ্যাস উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে নতুন কূপ অনুসন্ধান, ওয়ার্কওভার ও উন্নয়ন এর পাশাপাশি বিদেশি কোম্পানিসমূহকে সমুদ্রে গ্যাস অনুসন্ধানে আকৃষ্ট করার জন্য বিদ্যমান মডেল পিএসসিকে যুগোপযোগি করে অফশোর মডেল পিএসসি ২০২৩ প্রণয়ন করা হয়েছে। এছাড়া, এলএনজি আমদানির মাধ্যমে গ্যাসের সরবরাহ বৃদ্ধির জন্য কাতার ও ওমানের সাথে বিদ্যমান চুক্তির বাইরে নতুন দু'টি লং টার্ম গ্যাস সরবরাহ চুক্তি সম্পাদন করা হয়েছে। জ্বালানি তেল সরবরাহ ব্যবস্থা আধুনিকায়নের লক্ষ্যে ভারত-বাংলাদেশ তেল পাইপলাইন উদ্বোধন এবং কক্সবাজার হতে চট্টগ্রাম পর্যন্ত সিঙ্গেল পয়েন্ট মুরিং স্থাপনে অগ্রগতি সাধিত হয়েছে।

বাণিজ্য মন্ত্রণালয়ে তিনি দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং বহুপাক্ষিক বাণিজ্য আলোচনা পরিচালনা, বাণিজ্য-সুবিধা বিষয়ক কার্যসমূহ সম্পাদন এবং ডব্লিউটিও'র সাথে সংশ্লিষ্ট কাজ করেন। ড. মজুমদার বিজনেস প্রমোশন কাউন্সিলের সমন্বয়কের দায়িত্বও পালন করেন, যেখানে তিনি বাংলাদেশের রপ্তানি বাণিজ্যের ক্ষেত্রে তৈরি পোশাকের উপর অত্যধিক নির্ভরতা কমাতে দেশের রপ্তানি-পণ্যের ভিত্তি বহুমুখীকরণ সংক্রান্ত সরকারি নীতি বাস্তবায়নে কাজ করেন। এভাবে তিনি উৎপাদন খাতের সাপ্লাই সাইডের বাঁধাসমূহ অপসারণের মাধ্যমে বেসরকারী খাতের, বিশেষত: চামড়া, কৃষি পণ্য, আইসিটি, মৎস্য, হালকা প্রকৌশল এবং ঔষধি গাছ ও ভেষজ পণ্যের মতো ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের বিকাশে ভূমিকা রাখেন।

ইউএসএআইডি'র অর্থায়নে পরিচালিত 'বাংলাদেশ ট্রেড ফ্যাসিলিটেশন অ্যাক্টিভিটি (বিটিএফএ)' প্রোগ্রামে তাঁর প্রায় পাঁচ বছর ব্যাপী কর্মকালে তিনি ডব্লিউটিও ট্রেড ফ্যাসিলিটেশন এগ্রিমেন্ট-এর অধীনে বেশ কয়েকটি বাণিজ্য সহজীকরণ উদ্যোগ বাস্তবায়নে জড়িত ছিলেন, যেমন- ইন্টারনেটের মাধ্যমে তথ্য প্রকাশ, ইনকোয়ারি পয়েন্ট, এডভান্স রুলিং, ঝুঁকি ব্যবস্থাপনা, পোস্ট ক্লিয়ারেন্স অডিট, অথরাইজড অপারেটর, এবং কুরিয়ার কার্গোর দ্রুত ছাড়করণ। ড. মজুমদার বিটিএফএ-এর আন্তর্জাতিক উন্নয়ন কর্মসূচির কার্যক্রম সফলভাবে পরিচালনার পাশাপাশি একটি শক্তিশালী এবং বৈচিত্র্যময় নেটওয়ার্ক গড়ে তুলতে সক্ষম হন। ড. মজুমদার UNCTAD এবং OECD-এর মতো আন্তর্জাতিক সংস্থাগুলিতে ন্যাশনাল কনসালটেন্ট হিসেবেও সংক্ষিপ্ত মেয়াদে কাজ করেন। এছাড়াও স্বল্প-আয়ের দেশগুলিতে বেসরকারী উদ্যোগের বিকাশে গৃহীত যুক্তরাজ্যের CEPR গবেষণা প্রোগ্রামের 'প্রোগ্রাম ইন্ডালুয়েশন কমিটি' এর সদস্য হিসেবে কাজ করেছেন।

ড. মজুমদারের বেশ কিছু আন্তর্জাতিক প্রকাশনা রয়েছে। পড়াশুনার প্রতি তাঁর চির-অতৃপ্ত নেশা রয়েছে এবং তিনি গান শুনতেও পছন্দ করেন।

ড. মজুমদার বিবাহিত এবং দুই কন্যা সন্তানের গর্বিত পিতা।